পরীক্ষা নিয়ন্ত্রকের অফিস
ঢাকা বিশ্ববিদ্যালয়
(অফিস) ৮৬১৩২৮০
৯৬৬১৯০০-৫৯/৪০৭৯
ফ্যাক্স: ৮৮-০২-৯৬৬৭২২২

OFFICE OF THE CONTROLLER OF EXAMINATIONS
UNIVERSITY OF DHAKA
DHAKA-1000, BANGLADESH
Phone : (off.) 8613280
9661900-59/4079
Fax : 88-02-9667222
E-mail : examcontrollera7c@du.ac.bd

মেমো নংঃ- ১১২৩/শা- ২(ক)/প.

তারিখঃ ০২ ফাল্গুন ১৪২৭
১৫ ফেব্রুয়ারি ২০২১

১। অধ্যক্ষ, ঢাকা কলেজ, ধানমন্ডি, ঢাকা।
২। অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, আজিমপুর, ঢাকা।
৩। অধ্যক্ষ, বেগম বদরুন্নেছা সরকারি মহিলা কলেজ, বকশীবাজার, ঢাকা।
৪। অধ্যক্ষ, কবি নজরুল সরকারি কলেজ, মিউনিসিপ্যাল স্ট্রীট, ঢাকা।
৫। অধ্যক্ষ, সরকারি শহীদ সোহরাওয়ার্দী সরকারি কলেজ, লক্ষ্মীবাজার, ঢাকা।
৬। অধ্যক্ষ, সরকারি বাঙলা কলেজ, মিরপুর, ঢাকা।
৭। অধ্যক্ষ, সরকারি তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা।

## বিষয়ঃ ২০২০ সনের ৩য় বর্ষ সম্মান নিয়মিত পরীক্ষার ফরমপূরণের বিজ্ঞপ্তি।

মহোদয়,

পরীক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সরকারি সাত কলেজের ২০২০ সনের ৩য় বর্ষ সম্মান (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) বিএ, বিএসএস, বিএসসি ও বিবিএ নিয়মিত পরীক্ষায় অংশগ্রহনেচ্ছু পরীক্ষার্থীদেরকে পরীক্ষার আবেদন ফরম অনলাইনে পূরণ করে আগামী **২৫-০২-২০২১** তারিখ থেকে **০৮-০৩-২০২১** তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষ আগামী **১০-০৩-২০২১** তারিখের মধ্যে আবেদন ফরম পূরণকৃত শিক্ষার্থীদের ডাটা অনলাইনে ভেরিফাই করতে হবে। **১০-০৩-২০২১** তারিখের মধ্যে ব্যাংক ড্রাফ্ট করতে হবে। আনুষঙ্গিক নিয়ম ও শর্তাবলী নিম্নে প্রদত্ত হলো ঃ

### পরীক্ষার ফিস ও অন্যান্য ফিসের হার

| ক্রমিক নং | পরীক্ষার ফিস্ এর বিবরণ | টাকা | পরীক্ষার্থী কর্তৃক অনলাইনে আবেদন ফরমপূরনের শুরু ও শেষ তারিখ | কলেজ কর্তৃক অনলাইনে ভেরিফিকেশন ও ব্যাংক ড্রাফটের শেষ তারিখ |
|---|---|---|---|---|
| ০১ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি পত্র প্রতি) | ৩০০/- | ২৫/০২/২০২১ হতে ০৮/০৩/২০২১ পর্যন্ত। | ১০/০৩/২০২১ |
| ০২ | তত্ত্বীয় পরীক্ষার ফি (প্রতি অর্ধ পত্র) | ১৫০/- | | |
| ০৩ | ব্যবহারিক (প্রতি পত্র/কোর্স) - বিশ্ববিদ্যালয়ে জমা হবে | ২০০/- | | |
| ০৪ | কেন্দ্র ফি- তত্ত্বীয় (প্রতি পরীক্ষার্থী– কলেজে জমা হবে<br>১. কলেজের জন্য- ৩০০/-<br>২. কেন্দ্রের জন্য- ৪৫০/- | ৭৫০/- | | |
| ০৫ | কেন্দ্র ফি- ব্যবহারিক ( প্রতি পরীক্ষার্থী) কলেজে জমা হবে | ১২০/- | | |
| ০৬ | নন-কলেজিয়েট ফিস (বিশ্ববিদ্যালয়ে জমা হবে) | ১৫০০/- | | |

**বিঃ দ্রঃ নির্ধারিত সময়ের মধ্যে আবেদন ফরমপূরণের জন্য শিক্ষার্থীদের অবহিত করার জন্য অনুরোধ করা যাচ্ছে। পরীক্ষা অত্যাসন্ন বিধায় উক্ত তারিখের পর কোন শিক্ষার্থীর ফরম ও ফিস্ গ্রহণ করা সম্ভব হবে না।**

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



## নিম্নোক্ত নিয়মাবলী অনুযায়ী ফরম ও ফিস দাখিল করতে হবে

০১. **পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ**

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ঢাকা বিশ্ববিদ্যালয়ে নিবন্ধিত শিক্ষার্থীগণ নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৯ সনের ২য় বর্ষ সম্মান পরীক্ষায় অংশগ্রহণ করে উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থীরা ৩য় বর্ষ অনার্স ২০20 পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে, এছাড়াও ২০১৯ সনের (২০১৭-২০১৮) ২য় বর্ষ সম্মান পরীক্ষায় সর্বোচ্চ ২টি পত্র (তত্ত্বীয়, ব্যবহারিক, মৌখিক) অকৃতকার্য/অনুত্তীর্ণ শিক্ষার্থীরা উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। শিক্ষার্থীদের ক্লাসে কমপক্ষে ৭৫% উপস্থিতি থাকতে হবে। যে সকল শিক্ষার্থীর ক্লাসে উপস্থিতি ৬০%-৭৪% এর মধ্যে আছে সেই সকল শিক্ষার্থীকে "নন-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে এবং "নন-কলেজিয়েট" ফিস প্রদান করতে হবে। যে সকল শিক্ষার্থী ক্লাসে উপস্থিতি ৬০% এর কম আছে সেই সকল শিক্ষার্থীকে "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থী হিসাবে গণ্য হবে। "ডিস-কলেজিয়েট" শিক্ষার্থীরা পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে না।

**অনলাইনে আবেদন ফরমপূরণ (শিক্ষার্থীদের জন্য) ঃ**

ক) আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (7college.du.ac.bd) **Form Fill-up** বাটনে ক্লিক করে সাইন আপ করে নিজের রেজিস্ট্রেশন নম্বর ও পাসওয়ার্ড দিয়ে ওয়েবসাইটের নির্দেশনা অনুযায়ী (৭ কলেজের ওয়েবসাইটে প্রদত্ত ফরমপূরণের নির্দেশানাবলী অনুযায়ী) নিজের ডাটা এন্ট্রি করতে হবে। ডাটা এন্ট্রির প্রক্রিয়া সম্পন্ন হলে শিক্ষার্থী একটি প্রিভিউ দেখতে পাবে। পূরণকৃত ডাটা সঠিক থাকলে অনলাইন থেকে একটি পূরণকৃত আবেদন ফরম প্রিন্ট করে নিতে পারবে। পূরণকৃত ফরমে পরীক্ষার্থীর বিষয় কোড ও পরীক্ষার বিষয় সহ পরীক্ষার্থীর ব্যক্তিগত তথ্যাবলী উল্লেখ থাকবে। **অনলাইনে ফরমপূরণে কোন শিক্ষার্থী তার প্রদত্ত তথ্যে ভুল করলে তা শিক্ষার্থী নিজেই সর্বোচ্চ ০৩ (তিন) বার সংশোধন করতে পারবে।**

খ) শিক্ষার্থীদের প্রিন্টকৃত ফরমে কলেজ অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করার পর ফটোকপি করে এক কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং আরেক কপি শিক্ষার্থী স্বাক্ষর করে কলেজ কর্তৃক নির্ধারিত ডেস্কে/ সংশ্লিষ্ট বিভাগে অবশ্যই জমা দিতে হবে।

গ) যদি বিজ্ঞপ্তিতে উল্লেখিত শিক্ষাবর্ষের কোন পরীক্ষার্থীর ডাটা (অনলাইনে ফরমপূরণের জন্য) সরবরাহ করা না হয়ে থাকে তবে সে ক্ষেত্রে পরীক্ষার্থী কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে **০৬/০৩/২০২১** তারিখের মধ্যে শিক্ষার্থীর পূর্বের তথ্যসহ ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রকের অফিসের ৩২২ নং কক্ষে জানাতে পারবে।

০২. **কলেজের জন্য করণীয় ঃ**

**অনলাইনে আবেদন ফরম পূরণ নিশ্চয়ণ ও আনুষঙ্গিক কার্যাদি (কলেজের জন্য):**

ক) ফরম পূরণকৃত পরীক্ষার্থীদের ডাটা ঢাকা বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটের (7 Collegedu.ac.bd) **Formfilup** লিংক এ গিয়ে কলেজ লগ ইন করে "আন ভেরিফাইড" লিস্ট এ পাওয়া যাবে। শিক্ষার্থীকর্তৃক পূরণকৃত ফরম দেখে ডাটা এন্ট্রি সঠিক হলে এবং শিক্ষার্থীর ফরমপূরণের ফি জমা সম্পন্ন হয়ে থাকলে এবং শিক্ষার্থী ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের শর্তাবলী পূরণ করলে তা নিশ্চিত হয়ে কলেজ কর্তৃপক্ষ নিশচয়ন করতে হবে। এভাবে সকল পরীক্ষার্থীর ডাটা এন্ট্রি নিশচয়ন হওয়ার পর পরীক্ষার্থীর বিবরণী প্রিন্ট করে অধ্যক্ষ স্বাক্ষর করবেন।
খ) পূরণকৃত আবেদন পত্রে রেজিস্ট্রেশন বিবরণী অনুযায়ী শিক্ষার্থীর নাম, রেজিস্ট্রেশন নম্বর, বিষয় কোড সঠিক আছে কি-না তা যাচাই পূর্বক অধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ স্বাক্ষর করবেন। ভুল তথ্য প্রদানের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য



**ফি জমাদানের পদ্ধতি ঃ**

২০২০ সালের ৩য় বর্ষ সম্মান পরীক্ষার সকল পরীক্ষার্থীদের ফিসের টাকা কলেজ কর্তৃপক্ষ "DU-Affiliated Colleges" শিরোনামে হিসাব নং:- ৪৪০৫৭০৩০০০০৬৬ এই নামে সোনালী ব্যাংকের যে কোন শাখায় ব্যাংক ড্রাফট/পে-অর্ডার করে জমা দিতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবশ্যই হিসাবে দেয় (A/C Payee) হতে হবে। এছাড়াও ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রচলিত নিয়মানুসারে প্রতিটি ফরমের মূল্য ১০০/- (একশত টাকা) যা নগদ টাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক অফিসে জমা দিতে হবে এবং কলেজ কর্তৃপক্ষের খরচ হিসেবে ৫০/- (পঞ্চাশ টাকা) করে প্রদান করবে।

০১. **ইনকোর্স পরীক্ষার নম্বর প্রেরণ ঃ**

২০২০ সনের অনার্স ৩য় বর্ষ সম্মান (২০১৭-১৮ শিক্ষাবর্ষ) পরীক্ষার্থীদের ফরমপূরণের সময় ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের নিয়মিত পরীক্ষার্থীদের সংশ্লিষ্ট কোর্সের পেপার কোড নম্বর ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বরের বিপরীতে প্রাপ্ত ইনকোর্স নম্বর এক্সেলশীটে (সফ্টকপি ও হার্ডকপি) প্রেরণ করতে হবে। এর এককপি নম্বরপত্র অত্র অফিসের সংশ্লিষ্ট শাখার পরীক্ষা উপ-নিয়ন্ত্রক মহোদয়ের নিকট প্রেরণ এবং এক কপি সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের অফিসে সংরক্ষণ করতে হবে।

**বিঃ দ্রঃ আলোচ্য শিক্ষাবর্ষের (২০১৭-২০১৮) শিক্ষার্থীদের সম্মান ৪র্থ বর্ষের ফরমপূরণ আগামী ডিসেম্বর মাসের ০৫ থেকে ১৫ তারিখের মধ্যে অনলাইনে গ্রহণ করা হবে এবং ৪র্থ বর্ষের পরীক্ষা ডিসেম্বর মাসের ২৫ তারিখ হতে আরম্ভ হবে।**

আপনার বিশ্বস্ত

মো: বাহালুল চৌধুরী

(মোঃ বাহালুল হক চৌধুরী)
পরীক্ষা নিয়ন্ত্রক
ঢাকা বিশ্ববিদ্যালদয়
Email: examcontrollera7c@du.ac.bd

১৫.২.২০২১

15.02.21 15.02.2021